নিউ ইয়র্ক সিটি

আর্লি ইন্টারভেনশন প্রোগ্রাম

যত তাড়াতাড়ি শুরু করা যায়, ততই ভালো

অ্যাসিস্টিভ টেকনোলজি:
আপনার সন্তানকে শিখতে ও খেলতে সাহায্যকারী সরঞ্জামসমূহ

অ্যাসিস্টিভ টেকনোলজির ডিভাইসগুলি আর্লি ইন্টারভেনশন প্রোগ্রামে থাকা শিশু ও ছোট শিশুদের খেলতে, শিখতে এবং অন্যদের সাথে মেলামেশা করতে সাহায্য করে। ডিভাইসগুলি সাধারণ বা জটিল হতে পারে। এর মধ্যে আছে:

- কানে শোনার যন্ত্র (হেয়ারিং এইড)
- শিশুদের কথা বলতে ও বুঝতে সাহায্যকারী সরঞ্জামসমূহ
- যেসব শিশুর দেখতে সমস্যা হয় তাদের জন্য আলো ও শব্দযুক্ত খেলনা
- চলাফেরায় বিলম্ব থাকা শিশুদের জন্য বিশেষ স্ট্রোলার, স্ট্যান্ডার, ওয়াকার এবং ব্রেস
- বিশেষ চামচ বা কাপ যা আপনার শিশুর প্রতিদিনের কার্যকলাপে সাহায্য করতে পারে

আরও জানতে, আপনার আর্লি ইন্টারভেনশন থেরাপিস্টের সাথে কথা বলুন।

যদি আপনি এবং আপনার আর্লি ইন্টারভেনশন থেরাপিস্ট একমত হন যে, আপনার সন্তান ও পরিবারের জন্য একটি অ্যাসিস্টিভ টেকনোলজি ডিভাইস উপযুক্ত হতে পারে:

- আপনার লিখিত অনুমতি নিয়ে, আপনার আর্লি ইন্টারভেনশন টিমের একজন সদস্য প্রতিটি ডিভাইসের জন্য একটি প্রেসক্রিপশন পেতে আপনার পরিবারের স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করবেন।
- আপনার টিম তখন অনুরোধটি জমা দেবেন।
- আর্লি ইন্টারভেনশন কর্মীরা অনুরোধটি অনুমোদন করার পর, একজন বিক্রেতা আপনার সন্তানের জন্য সঠিক ডিভাইসটি বেছে নিতে এবং প্রয়োজন অনুযায়ী তা সঠিক মাপে সমন্বয় করে দিতে আপনার এবং আপনার থেরাপিস্টের সাথে কাজ করবেন।
- আপনি ডিভাইসটি পাওয়ার পর, বিক্রেতা এবং আপনার থেরাপিস্ট আপনাকে শেখাবেন কীভাবে সেটি নিরাপদে ব্যবহার করতে হয়।

আপনার সন্তানের জন্য কোনটি সবচেয়ে ভালো তা খুঁজে বের করতে বিভিন্ন ডিভাইস ব্যবহার করে দেখুন।

কিছু ডিভাইস খুব জটিল হতে পারে, তবে প্রায়ই আপনার সন্তানের জন্য সেরা ডিভাইসটি খুব সাধারণ হতে পারে, যেমন বড় হাতলওয়ালা একটি চামচ।

ADAPT Community Network বিনামূল্যে আপনাকে বিভিন্ন অ্যাসিস্টিভ টেকনোলজির ডিভাইস সম্পর্কে জানতে সাহায্য করতে পারে। আপনার শিশু বা ছোট শিশুর সাথে ব্যবহার করে দেখার জন্য কিছু ডিভাইস অল্প সময়ের জন্য লোন হিসাবে পাওয়া যেতে পারে। আপনার আর্লি ইন্টারভেনশন থেরাপিস্টের সাথে, অথবা নিজে নিজেই, আপনার কী প্রয়োজন সে সম্পর্কে কথা বলতে কিংবা অভিজ্ঞ কর্মীদের কাছ থেকে ডিভাইস সম্পর্কে জানতে অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে আপনি ADAPT Community Network-এ 718-436-7979 (এক্সটেনশন 5024) নম্বরে বা **techworks@adaptcommunitynetwork.org**-এ যোগাযোগ করতে পারেন।



ফটো © 2015 Rifton Equipment দ্বারা। অনুমতিক্রমে ব্যবহৃত।

NYC Health